



স্বামী নেহালের সঙ্গে বিচ্ছেদের গুঞ্জে সাবিলা নূর



ছবি: সংগৃহীত

অভিনেত্রী সাবিলা নূর ও তাঁর স্বামী নেহাল সুন্দর তাহেরকে ঘিরে বিচ্ছেদের গুঞ্জন ছড়িয়েছে। বিভিন্ন সংবাদমাধ্যমের খবরে বলা হচ্ছে, কয়েক মাস ধরে তাঁরা আলাদা থাকছেন। পাশাপাশি এক চিত্রগ্রাহকের সঙ্গে সাবিলার নতুন সম্পর্কের কথাও আলোচনায় এসেছে। তবে এসব বিষয়ে সাবিলা বা নেহালের কেউই আনুষ্ঠানিকভাবে কিছু জানাননি। তাই বিচ্ছেদ কিংবা নতুন সম্পর্কের খবর এখনো নিশ্চিত নয়।

২০১৯ সালের ৭ ডিসেম্বর পারিবারিক আয়োজনে নেহালকে বিয়ে করেন সাবিলা। বন্ধুত্ব থেকে তাঁদের সম্পর্ক প্রেমে গড়ায়, পরে বিয়েতে রূপ নেয়।

২০১৪ সালে মডেলিংয়ের মাধ্যমে শোবিজে যাত্রা শুরু করেন সাবিলা। বিজ্ঞাপনের পাশাপাশি নাটকে অভিনয় করে পরিচিতি পান তিনি। বর্তমানে সিনেমা নিয়েও ব্যস্ত সময় পার করছেন এই অভিনেত্রী। শাকিব খানের সঙ্গে ‘তাওব’ ও ‘রকস্টার’ সিনেমায় অভিনয়ের পাশাপাশি আলোচনায় রয়েছে তাঁর ‘বনলতা এক্সপ্রেস’। ঈদুল আজহায় শরিফুল রাজের বিপরীতে ‘কানাডুলা প্যারাদক্স’ সিনেমাটি মুক্তির কথা রয়েছে।

তবে সাবিলা ও নেহালের দাম্পত্যে সত্যিই কোনো সংকট তৈরি হয়েছে কি না, তা নিয়ে তাঁদের বক্তব্য না পাওয়া পর্যন্ত নিশ্চিতভাবে কিছু বলা যাচ্ছে না।